

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩২১

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮  
০৯ ডিসেম্বর ২০২১

বিষয়: **চলতি আমন সংগ্রহ/২০২১-২০২২ সফলকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২১.২২৩, তারিখ: ০৮/১১/২০২১ খ্রি:।

২। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩১১, তারিখ: ০১/১২/২০২১ খ্রি:।

৩। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.৪৩.৩৫.০০৩.২১.২৪০, তারিখ: ০৫/১২/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি আমন/২০২১-২২ সংগ্রহ মৌসুমের আওতায় গত ০৭/১১/২০২১ খ্রি: তারিখ থেকে ৩.০০ লাখ মেঃ টন ধান ও ৫.০০ লাখ মেঃ টন সিদ্ধ চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, যা আগামী ২৮/০২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। পরবর্তীতে সূত্রস্থ ৩নং স্মারকে অতিরিক্ত আরো ১.৭০ লাখ মে:টন সিদ্ধ চালের বিভাগভিত্তিক বিভাজন প্রদান করা হয় যা সংগ্রহ বিভাগের ০৭/১২/২০২১ খ্রি: তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩২০নং স্মারকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। সংগ্রহ মৌসুম সফলকরণে মাননীয় খাদ্যমন্ত্রীর উপস্থিতিতে এবং সচিব, খাদ্য মহোদয়ের সভাপতিত্বে গত ২৩,২৪,২৫ নভেম্বর ও ৬ ডিসেম্বর বিভাগওয়ারি অনলাইন মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় আলোচনার প্রেক্ষিতে চলতি আমন সংগ্রহ/২০২১-২২ মৌসুম সফল করার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলোঃ

১। সংগ্রহ মৌসুম শেষ হওয়ার পূর্বেই (২৮/০২/২০২২) জানুয়ারী/২০২২ এর মধ্যে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ মোতাবেক সংগ্রহ কার্যক্রম সফল করার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

২। খাদ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত সূত্রস্থ ১নং স্মারকের ৮নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা মোতাবেক জেলা, উপজেলা ও গুদামভিত্তিক রোডম্যাপ তৈরিপূর্বক সংগ্রহ সম্পন্ন করতে হবে। আগামী ০৩ (তিন) দিনের মধ্যে রোডম্যাপ সংগ্রহ বিভাগে প্রেরণ করতে বলা হলো;

৩। ধান-চালের আড়াংদার/মজুতদার/পাইকারদের ধান-চালের ব্যবসায় সংক্রান্ত ফুড গ্রেইন লাইসেন্স প্রদানপূর্বক মজুত নিয়মিতভাবে মনিটরিং জোরদারসহ সববি বিভাগ কর্তৃক প্রেরিত ছক মোতাবেক তথ্য নিয়মিতভাবে সববি বিভাগে প্রেরণ এবং তার অনুলিপি সংগ্রহ বিভাগে প্রেরণ করতে হবে;

৪। সকল প্রকার ধান-চালের (মোটা, মাঝারি, চিকন) মজুত ও দর নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। সববি বিভাগ কর্তৃক প্রেরিত ছক মোতাবেক তথ্য নিয়মিতভাবে সববি বিভাগে প্রেরণকরত: তার অনুলিপি সংগ্রহ বিভাগে প্রেরণ করতে হবে;

৫। বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। কোনভাবেই বিনির্দেশ বহির্ভূত ধান-চাল সংগ্রহ করা যাবে না। বিনির্দেশ বহির্ভূত ধান-চাল গুদামে পাওয়া গেলে তাৎক্ষণিক তার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৬। সংগ্রহ সফল করার ক্ষেত্রে কোন অনিয়ম-অবহেলা পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধেও কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৭। ধান সংগ্রহ ত্বরান্বিত করার লক্ষ্যে সূত্রস্থ ২নং স্মারকে জারিকৃত পত্র মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮। ধান-চাল সংগ্রহ কার্যক্রমে যে সকল ভারপ্রাপ্ত গুদাম কর্মকর্তার কার্যক্রম সন্তোষজনক নয় তাদের তালিকা প্রস্তুত করে অবিলম্বে খাদ্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৯-১২-২০২১

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

শেখ মুজিবুর রহমান

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: +৮৮-০২২২৩৩৫৪৮৩৪


ইমেইল: dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪০০.২১.৩২১/১

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮  
০৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



৯-১২-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)